

যুগান্তর

হাবিপ্রিবিতে ছাত্রলীগের দু'গ্রন্থে সংঘর্ষ গুলি

আহত অর্ধশত

প্রকাশ : ২৯ জুন ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রিবি) হলের সিট দখলকে কেন্দ্র করে বৃহস্পতিবার রাতে ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষে প্রায় ৫০ জন আহত হয়েছেন। এর মধ্যে ৪১ জনকে চিকিৎসা দেয়া হয়েছে এম আবদুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালে। গুরুতর অবস্থায় মামুনুর রশিদ ও রাবির শেখ নামে দু'জন এ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ে থমথমে অবস্থা বিরাজ করছে।

বিশ্ববিদ্যালয় সূত্র ও প্রত্যক্ষদর্শীরা জানান, শেখ রাসেল হলে ৮টি সিট ফাঁকা রয়েছে। বৃহস্পতিবার রাতে এসব সিটে ওঠানোর জন্য শিক্ষার্থীদের নিয়ে যায় ছাত্রলীগ নেতা নাহিদ আহমেদ নয়ন। এ সময় ওই হলের ছাত্রলীগ সভাপতি রফিল কুন্দুস জোহার সঙ্গে তার বাকবিতণ্ডা হয়। একপর্যায়ে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় ইটপাটকেল নিয়ে উভয় পক্ষ আক্রমণ করে। এ সময় ৩ রাউন্ড ফাঁকা গুলি ছোড়া হয়।

দিনাজপুর কোতোয়ালি থানার পরিদর্শক (তদন্ত) বজলুর রশিদ জানান, সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেলেও তাদেরকে বিশ্ববিদ্যালয়ের ভেতরে ঢোকার অনুমতি দেয়নি প্রশাসন। পরে পরিস্থিতি স্বাভাবিক হয়ে এলে পুলিশ চলে আসে। এখন পর্যন্ত কোনো পক্ষ এ ব্যাপারে অভিযোগ করেনি।

বিশ্ববিদ্যালয়ের প্রফ্টের প্রফেসর ড. খালিদ হোসেন জানান, আহতদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। উপাচার্যের সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে। গুলির বিষয়ে তিনি বলেন, শিক্ষার্থীরা জোরে শব্দ শুনতে পেয়েছে বলে জানিয়েছে। তবে এটি গুলির নাকি পটকার সঠিকভাবে বলা যাচ্ছে না।

আবদুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নেয়া ছাত্রদের মধ্যে রয়েছেন- সজিব, সারোয়ার, রেজা, আপন, সৈকত, জয়, সিয়াম, অমিত, নিবিড়, সিধু রায়, ধ্রব, রাসেল, রাতুল, আবদুল হালিম, শাহ আলম, হামিদ, তুহিন, সুমন, তিরচন্দ্র, সবুজ, আবু সুফিয়ান, মিলন, সাবির আলম, নিরোত্তম, লিখন, রাজিব, জগ্রিম কুমার, তুষার ও সহিন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।